

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯৬৩

পরিচ্ছেদঃ ২১. অসিয়তের বিধান - ওয়াসিয়্যাতের বিধানের মাধ্যমে আল্লাহ তায়ালার অনুগ্রহের বর্ণনা

আরবী

وَعَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ _ رضي الله عنه _ قَالَ: «قَالَ النَّبِيُّ _ صلى الله عليه وسلم: «إِنَّ اللَّهَ تَصنَدَّقَ عَلَيْكُمْ بِثُلُثِ أَمْوَالِكُمْ عِنْدَ وَفَاتِكُمْ; زِيَادَةً فِي حَسنَاتِكُمْ». رَوَاهُ الدَّارَقُطْنِيُّ اللَّهَ تَصنَدَّقَ عَلَيْكُمْ بِثُلُثِ أَمْوَالِكُمْ عِنْدَ وَفَاتِكُمْ; زِيَادَةً فِي حَسنَاتِكُمْ». رَوَاهُ الدَّارَقُطْنِيُّ

حسن بشواهده. رواه الدارقطني (4/ 150)

বাংলা

৯৬৩। মু'আয বিন জাবাল (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ তোমাদের সওয়াবকে বৃদ্ধি করার সুযোগ দেবার জন্যে তোমাদের মালের তৃতীয়াংশ তোমাদের মৃত্যুর সময় তোমাদেরকে দান করেছেন।[1]

ফুটনোট

[1] ইবনু হাজার আসকালানী হাদীসটিকে দুর্বল বলেছেন। ইমাম সানআনী তাঁর সুবুলুস সালাম (৩/১৬৮) গ্রন্থে বলেন, এর সানাদে ইসমাঈল বিন আইয়াশ ও তার উসত্যয উতবা বিন হুমাইদি উভয়ে দুর্বল। ইবনুল মুলকিন তাঁর আল বাদরুল মুনীর (৭/২৫৪) গ্রন্থে বলেন, এর সানাদে আল কাসিম বিন আবদুর রহমান রয়েছে যে কিনা দুর্বল। এর মধ্যে আরও রয়েছে ইসমাঈল বিন আইয়াশ তিনিও দুর্বল, (তার উসতায) উতবা বিন হুমাইদকে ইমাম আহমাদ দুর্বল বলেছেন। একই হাদীস সামান্য পরিবর্তিত শব্দে আবু হুরাইরাহ (রাঃ) ও আবৃদ দারদা ও আবৃ উমামা আল বাহিলী থেকে বর্ণিত হয়েছে, য়েগুলোর অবস্থাও একই। (নাইলুল আওত্বার (৬/১৪৯), সাইলুল জাররার (৪/৪৭৩), আত তালীকাতে রয়য়য়াহ (৩/৪১১)। [তবে হাদিসটি শাহেদের ভিত্তিতে সহীহ]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন